

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৯
আগরতলা, ১৬ এপ্রিল, ২০ ১৮

গান্ধীগ্রাম ও চম্পকনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সোলার পাওয়ার প্ল্যান্ট

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভা কক্ষে গত ১১ এপ্রিল, ২০ ১৮ পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, পশ্চিম জেলার অন্তর্গত অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলি থেকে মোট ৫,৬৮৫ জন ছেলে-মেয়ে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে। শূন্য থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত মোট ৫৪,০৪৭ জন শিশুর মধ্যে ১৭,৯৯৬ জন শিশুর নাম আধারে লিপিবদ্ধ করা হয়েছে। বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের আধিকারিক জানিয়েছেন, গান্ধীগ্রাম ও চম্পকনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৫ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন সোলার পাওয়ার প্ল্যান্টের কাজ সম্পূর্ণ হয়েছে। তাছাড়াও মহিলা কলেজ, মহারাজা বীর বিক্রম কলেজ, বীর বিক্রম মেমোরিয়াল কলেজ সহ মোট ১০টি বিদ্যালয়ে পরিবেশ সচেতনামূলক সেমিনারের আয়োজন করা হয়। ডুকলি, জিরানীয়া ও পুরাতন আগরতলা ব্লকে মোট ৪০ জন কৃষককে বায়ো টেকনিক কীট দেওয়া হয়েছে। যুব ও ক্রীড়া বিষয়ক দপ্তরের আধিকারিক জানান, বাবা সাহেব ভীমরাও রামজী আশ্বেদকরের ১২৮ তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে ১৪ এপ্রিল থেকে ১৮ এপ্রিল, ২০ ১৮ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ভগৎ সিং প্লে সেন্টারে ক্রিকেট ও উমাকান্ত ময়দানে ফুটবল, কাবাডি, ভলিবল ও এ্যাথলেটিক্স ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস। সভায় জিলা পরিষদের সভাপতি দিলীপ দাস, সহকারী সভাপতি মনোমোহিনী দেবনাথ সহ অন্যান্য সদস্য-সদস্যগণ উপস্থিত ছিলেন।
